

শিক্ষা

৭ জানুয়ারি নয়, এসএসসি ও সমমান পরীক্ষা শুরু ১৪ মার্চ

প্রতিবেদক: শিক্ষা ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



আগামী ২০২৭ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা ৭ জানুয়ারির পরিবর্তে ১৪ মার্চ শুরু হবে। চলবে ১৫ এপ্রিল পর্যন্ত। ছবি সংগৃহীত

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান সোমবার (২৪ আগস্ট) এ তথ্য নিশ্চিত করেছেন। আজই পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হবে বলেও তিনি জানান।

এর আগে ৭ জানুয়ারি এই পরীক্ষা শুরুর প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছিল শিক্ষা মন্ত্রণালয়। এই পরীক্ষার প্রাথমিক সময়সূচিও প্রকাশ করা হয়েছিল।

তবে পরীক্ষার্থীদের প্রস্তুতিতে ঘাটতি সহ নানা দিক বিবেচনা করে সেই সিদ্ধান্ত থেকে সরে এসেছে সরকার। দুই মাস পরে ১৪ মার্চ এই পরীক্ষা শুরুর বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এ বিভাগের আরও খবর



জবির দ্বিতীয় ক্যাম্পাসে দুই শতাধিক গাছ রোপণ ছাত্রদল নেতার
সরকারের দেশব্যাপী ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) দ্বিতীয় ক্যাম্পাসে দুই শতাধিক
গাছের চারা রোপণ করেছেন...



একাদশে ভর্তির প্রথম ধাপের ফল প্রকাশ আজ, দেখবেন যেভাবে
২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের প্রথম পর্যায়ের ফল বুধবার (১৬ সেপ্টেম্বর)
রাত ৮টায় একযোগে প্রক...



এসএসসির খাতা পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ, ফেল থেকে পাস ৪৫৮৫ শিক্ষার্থী
চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণ ও পুনর্মূল্যায়নের ফল প্রকাশ করা হয়েছে। পুনঃনিরীক্ষণের পর ফেল
থেকে পাস করেছেন ৪ হাজার ৫৮৫....



ইবতেদায়িসহ সব মাদ্রাসায় চালু হবে মিড-ডে মিল: শিক্ষামন্ত্রী
শিক্ষামন্ত্রী ড. আন ম. এ. হুসাইন বৃহস্পতিবার জানিয়েছেন ২০২৬-২০৩১ অর্থবছরের মধ্যে ইবতেদায়ি মাদ্রাসাসহ দেশের সব মাদ্রাসায় মিড-ডে মিল চালুর পরিকল্পনা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/education/7-januyari-ny-esessi-o-smman-priksha-shuru-14-march>